



বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
পার্সোনেল শাখা



স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩৩.০৭.০০০.২০-৩১৯

তারিখ: ১৮ আষাঢ়, ১৪২৭

০২ জুলাই ২০২০

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিয়ন্ত্রণের মেয়াদ ০৩.০৮.২০২০ পর্যন্ত বর্ধিতকরণ।

মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর : ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০-১২৩ তারিখ : ৩০.০৬.২০২০ এর মাধ্যমে করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার ০১.০৭.২০২০ হতে ০৩.০৮.২০২০ তারিখ পর্যন্ত ১১ দফা শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে (কপি সংযুক্ত)। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ৩০.০৬.২০২০ তারিখে জারিকৃত ১১ দফা নির্দেশনা কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে অবহিতকরণ এবং অনুসরণ ও প্রতিপালন করার জন্য পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হলো।

২। বিষয়টি অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধ করা হলো।

২-৭-২০২০

এ.টি.এম. শাহ আলম  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর,  
বাংলাদেশ গ্যাস ফিল্ট্রেশন কোম্পানী লিমিটেড
- ২) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (সকল)/ব্যবস্থাপক (সকল),  
বিজিএফসিএল।



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.১২৩

তারিখ: ১৬ আষাঢ়.১৪২৭

৩০ জুন ২০২০

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিয়ন্ত্রণের মেয়াদ  
৩ আগস্ট ২০২০ পর্যন্ত বর্ধিতকরণ

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার নিম্নলিখিত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিয়ন্ত্রণ আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. আগামী ০১ জুলাই ২০২০ হতে ৩ আগস্ট ২০২০ পর্যন্ত এ নিয়ন্ত্রণ অব্যাহত থাকবে। সাপ্তাহিক ছুটি এ নিয়ন্ত্রণের অন্তর্ভুক্ত থাকবে;
২. রাত ১০:০০ টা হতে সকাল ৫:০০ টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ব্যতীত (প্রয়োজনীয় ক্রয়-বিক্রয়, কর্মস্থলে যাতায়াত, ঔষধ ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সংকার ইত্যাদি) বাসস্থানের বাইরে আসা যাবে না। বাসস্থানের বাইরে মাস্ক পরিধান করা, পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্য বিধি মেনে চলা নিশ্চিত করতে হবে। অন্যথায় আইন অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. হাটবাজার, দোকান-পাটে ক্রয় বিক্রয়কালে পারস্পরিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্য বিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে। শপিংমলের প্রবেশমুখে হাত ধোয়ার ব্যবস্থাসহ স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে। শপিংমলে আগত যানবাহনসমূহকে অবশ্যই জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে। হাটবাজার, দোকান-পাট এবং শপিংমলসমূহ আবশ্যিকভাবে সন্ধ্যা ৭:০০ টার মধ্যে বন্ধ করতে হবে;
৪. সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি অফিস, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারখানা ও সেবা প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি প্রতিপালন করে খোলা থাকবে;
৫. গণপরিবহনসহ সবধরনের যানসমূহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি প্রতিপালন করে চলাচল করবে;
৬. উক্ত নিয়ন্ত্রণকালে কোনো শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখা যাবে না। তবে, অনলাইন কোর্স/ডিস্টেন্স লার্নিং অব্যাহত থাকবে এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রশাসনিক কার্যাবলি চালাতে পারবে;
৭. উক্ত সময়ে সকল প্রকার সভা-সমাবেশ, গণ জমায়েত ও অনুষ্ঠান আয়োজন বন্ধ থাকবে। ধর্ম মন্ত্রণালয় কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা প্রতিপালনপূর্বক মসজিদে জামায়াতে নামাজ আদায় ও অন্যান্য উপাসনালয়সমূহে প্রার্থনা পরিচালনা করা যাবে;
৮. স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত 'কোভিড-১৯ সংক্রমণ ঝুঁকি জোন ভিত্তিক সংযমন (Containment) ব্যবস্থা বাস্তবায়ন কৌশল/গাইড' অনুসরণ করে জোনিং সিস্টেম বাস্তবায়ন করতে হবে। রেড জোন ঘোষণা করে সে এলাকায় কেবল গুরুতর সংক্রমিত পরিসীমাকে লকডাউনের আওতায় আনতে হবে। সেখানে সর্বসাধারণের দৈনন্দিন প্রয়োজনীয় দ্রব্যাদি/বিষয়াদির সরবরাহ/প্রাপ্যতা নিশ্চিত করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর এ বিষয়ে সুস্পষ্ট অনুমোদন ও নির্দেশনা প্রদান করবে। সিটি কর্পোরেশন এলাকায় সিটি কর্পোরেশন এবং অন্যান্য এলাকায় জেলা প্রশাসন এ সংক্রান্ত কার্যাবলির সার্বিক সমন্বয় করবে;
৯. আসন্ন পবিত্র ঈদুল আযহার সময় স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি যথাযথ অনুসরণপূর্বক কোরবানির পশুর হাট আয়োজনের অনুমতি প্রদান করা যাবে এবং উল্লিখিত স্বাস্থ্য বিধি অনুসরণ করে সীমিত পরিসরে গণপরিবহন ও জনচলাচল অব্যাহত থাকবে;
১০. ঝুঁকিপূর্ণ, অসুস্থ কর্মচারী এবং সন্তান সন্তবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবে। এক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জারিকৃত নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে; এবং
১১. জনসাধারণকে কোভিড-১৯ সংক্রমণ থেকে পরিত্রাণ পাওয়ার জন্য করণীয় বিষয় অনুসরণের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ এবং তথ্য মন্ত্রণালয় সারা দেশে স্বাস্থ্য বিধির বিষয়ে ব্যাপক প্রচারণা ও জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করবে।

০২। এমতাবস্থায়, তার মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-৬-২০২০

মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী  
উপসচিব

ফোন: ৯৫৫১১০৭

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: faco\_sec@cabinet.gov.bd


সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.১২৩/১(৭৩)

তারিখ: ১৬ আষাঢ়.১৪২৭  
৩০ জুন ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

- ১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) জেলা প্রশাসক (সকল)



৩০-৬-২০২০

মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী  
উপসচিব